# অংশগ্রহণকারীর জন্য তথ্য পত্র

**এভিডেন্স ফর ইকুয়ালিটি ন্যাশনাল সার্ভে (ইভিইএনএস): সংকটকালীন সময়ে জাতিগত ও ধর্মীয় সংখ্যালঘুদের জীবনযাত্রার দলিল তৈরি**

**অংশগ্রহণকারীর জন্য তথ্য পত্র**

আপনাকে এভিডেন্স ফর ইকুয়ালিটি ন্যাশনাল সার্ভে (ইভিইএনএস) তে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে। আপনি অংশগ্রহণ করবেন কিনা এই সিদ্ধান্ত নেওয়ার পূর্বে, এই গবেষণাটি কেন করা হচ্ছে এবং এতে কী কী সংশ্লিষ্ট থাকবে তা বোঝা আপনার জন্য গুরুত্বপূর্ণ। অংশগ্রহণ করার আগে অনুগ্রহ করে সময় নিয়ে নিচে দেওয়া তথ্য মনোযোগ সহকারে পড়ুন এবং আপনি চাইলে অন্যদের সাথে নির্দ্বিধায় আলোচনা করুন। আপনি যদি আরও তথ্য বা স্পষ্টতা চান, সেক্ষেত্রে অনুগ্রহ করে যোগাযোগ করুন। সময় নিয়ে এটি পড়ার জন্য আপনাকে ধন্যবাদ।

### কে এই গবেষণাটি পরিচালনা করবে?

দ্যা ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার, দ্যা ইউনিভার্সিটি অব সেন্ট অ্যানড্রুজ এবং দ্যা ইউনিভার্সিটি অব সাসেক্স -এর গবেষকদের পক্ষে Ipsos MORI গবেষণাটি পরিচালনা করবে।

### এই গবেষণার উদ্দেশ্য কী?

আমরা তা জানতে চাই কোভিড-19 মহামারী এবং লকডাউন ইংল্যান্ড, স্কটল্যান্ড এবং ওয়েলসের জাতিগত সংখ্যালঘু লোকজনদের কিভাবে প্রভাবিত করছে। আপনার জীবনের বিভিন্ন ক্ষেত্রগুলো কিভাবে প্রভাবিত হয়েছে সে সম্পর্কে আমরা জিজ্ঞাসা করব যেমন শিক্ষা, কর্মসংস্থান এবং অর্থনৈতিকভাবে ভালো থাকা, আবাসন, সামাজিক, রাজনৈতিক অংশগ্রহণ, স্বাস্থ্য এবং বর্ণবাদ এবং বৈষম্যের অভিজ্ঞতা।

### কেন আমি অংশগ্রহণ করার জন্য নির্বাচিত হয়েছি?

আমরা আপনার কোভিড-19 মহামারী সম্পর্কিত অভিজ্ঞতা সম্পর্কে জানতে আগ্রহী। আমরা বিশেষ করে জাতিগত ও ধর্মীয় সংখ্যালঘুদের অভিজ্ঞতার দলিল তৈরি করতে আগ্রহী। এই জরিপটি আরও ব্যাপক পরিসরের জনসাধারণের মধ্যে করা হচ্ছে যাতে আমরা বিভিন্ন গ্রুপের লোকজনের দৃষ্টিভঙ্গি বুঝতে পারি।

### গবেষণার ফলাফল কি প্রকাশিত হবে?

অধ্যয়নের ফলাফল অধ্যয়নের ওয়েবসাইট www.ethnicity.ac.uk/evensurvey এবং আমাদের সোশ্যাল মিডিয়া চ্যানেল @EVENSurvey (টুইটার) এবং @evensurvey (ইনস্টাগ্রাম) এ প্রকাশিত হবে। জরিপের ফলাফল প্রকাশিত হবে এবং অ্যাকাডেমিক ব্যবহারকারীদের সাথে অনলাইন ওয়ার্কিং পেপারস, পিয়ার-রিভিউড জার্নাল-এর নিবন্ধ, সম্পাদিত ভলিউম, মনোগ্রাফ, সেমিনার এবং কনফারেন্স প্রেজেন্টেশনসমূহের মাধ্যমে শেয়ার করা হবে। আমরা জরিপের ফলাফলের উপর ভিত্তি করে নীতিমালা সংক্রান্ত ব্রিফিং, মিডিয়া নিবন্ধ এবং ব্লগ পোস্টগুলো প্রকাশ করব। আমরা কর্মশালা, পডকাস্ট এবং ভিডিওগুলোর মাধ্যমে জনগণের সাথে ফলাফলগুলো শেয়ার করব।

**কে গবেষণা প্রকল্পটির পর্যালোচনা করেছেন?**

এই প্রকল্পটি ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার'স রিসার্চ এথিকস কমিটি [2021-10455-17768] কর্তৃক অনুমোদিত হয়েছে।

**কে গবেষণা প্রকল্পটিতে অর্থায়ন করছেন?**

এই জরিপটিতে ইকোনমিক অ্যান্ড সোশ্যাল রিসার্চ কাউন্সিল (ইএসআরসি) কর্তৃক অর্থায়ন করা হয়েছে।

**আমি অংশগ্রহণ করলে আমাকে কী করতে বলা হবে?**

প্রথমে আপনি মূল জরিপে অংশ নিতে পারবেন কিনা তা যাচাই করতে আপনাকে সংক্ষিপ্ত নিবন্ধন জরিপে কয়েকটি প্রশ্ন জিজ্ঞেস করা হবে। আপনি যদি যোগ্য হন, তাহলে আপনাকে 30 মিনিটের অনলাইন জরিপে অংশ নিতে বলা হবে, বা আপনি যদি পছন্দ করেন, তবে কোভিড-19 মহামারীতে আপনার অভিজ্ঞতা সম্পর্কে 40 মিনিটের টেলিফোন জরিপ সাক্ষাৎকারে অংশ নিতে বলা হবে।

**অংশগ্রহণ করার জন্য আমাকে কি ক্ষতিপূরণ দেওয়া হবে?**

আপনি যদি মূল জরিপে অংশগ্রহণ করার যোগ্য হন এবং এটি পুরোপুরি সম্পন্ন করেন, সেক্ষেত্রে আপনি জরিপটি সমাপ্ত করার জন্য একটি গিফট ভাউচার পাবেন।

**আমি যদি অংশ নিতে না চাই বা আমার মতের পরিবর্তন করি তবে কী হবে?**

আপনি অংশগ্রহণ করবেন কি না সে সিদ্ধান্ত আপনার উপর নির্ভর করে। আপনি যদি অংশগ্রহণ করার সিদ্ধান্ত নেন, সেক্ষেত্রে আপনি Ipsos MORI-এর তথ্য পৃষ্ঠা (evenssurveyinfo.ipsos-mori.com) এর মাধ্যমে এটি অ্যাক্সেস করে এই তথ্যপত্রটি অনলাইনে দেখতে সক্ষম হবেন। আপনাকে অনলাইন বা টেলিফোনে অংশ নিতে আপনার সম্মতি জানানোর জন্য বলা হবে (যদি আপনি টেলিফোনে অংশ নেন, সেক্ষেত্রে আপনার প্রয়োজন হলে Ipsos MORI এই তথ্যপত্রটি সম্পূর্ণটি আপনাকে পড়ে শোনাতে পারে)। আপনি অংশগ্রহণ করার সিদ্ধান্ত নেওয়ার পরেও, যে কোনো মুহূর্তে কোনও কারণ দেখানো ছাড়াই এবং নিজের ক্ষতি না করেই এটি থেকে সরে আসতে পারবেন। এটি আপনার ডেটা সুরক্ষা অধিকারগুলোকে প্রভাবিত করে না। আপনি যদি অংশগ্রহণ না করার সিদ্ধান্ত নেন, সেক্ষেত্রে আপনার আর কিছু করার দরকার নেই।

**আপনি আমার সম্পর্কে কোন তথ্য সংগ্রহ করবেন?**

এই গবেষণা প্রকল্পে অংশ নিতে, Ipsos MORI এমন তথ্য চাইবে যা আপনাকে সনাক্ত করতে পারে, যাকে "ব্যক্তিগত সনাক্তযোগ্য তথ্য" বলা হয়। বিশেষ করে, আপনাকে আপনার লিঙ্গ, বয়স, জাতি, ধর্ম, বৈবাহিক অবস্থা, যৌন প্রবণতা, জন্মভূমি এবং পোস্টাল কোড জিজ্ঞেস করা হবে।

জরিপ সম্পন্ন হওয়ার পরে Ipsos MORI, আপনার অনুমতি সাপেক্ষে, গিফট ভাউচার পাঠানোর জন্য আপনার সাথে যোগাযোগ করার বিস্তারিত বিবরণ জানানোর জন্যেও বলবে এবং আবারও আপনার অনুমতি সাপেক্ষে, আমাদের (ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার) সাথে যোগাযোগ করার বিস্তারিত বিবরণ শেয়ার করার জন্য বলবে যেন আমরা আপনাকে ইমেইল, ডাক বা টেক্সট মেসেজের মাধ্যমে ভবিষ্যত স্টাডিগুলোতে অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানাতে পারি।

## আপনি কোন আইনি ভিত্তিতে এই তথ্য সংগ্রহ করছেন?

ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার এবং Ipsos MORI আপনার অধিকারগুলোকে সুরক্ষার জন্য তথ্য সুরক্ষা আইন অনুসারে এই ব্যক্তিগত সনাক্তযোগ্য তথ্য সংগ্রহ এবং সংরক্ষণ করছে। এগুলো বিবৃত করে যে আপনার ডেটা সংগ্রহের জন্য আমাদের অবশ্যই আইনি ভিত্তি (সুনির্দিষ্ট কারণ) থাকতে হবে। এই স্টাডির জন্য, সুনির্দিষ্ট যে কারণে Ipsos MORI ডেটা সংগ্রহ করছে তা হল "গবেষণায় অংশ নেওয়ার সম্মতি" এবং "আপনার ডেটা ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার-কে দিয়ে দেওয়ার সম্মতি"। ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার যখন ডেটা বিশ্লেষণ করছে তখন এর সুনির্দিষ্ট কারণ হল এটি "জনস্বার্থের কাজ" এবং "গবেষণার উদ্দেশ্যে প্রয়োজনীয় প্রক্রিয়ার" জন্য।

## আপনি আমার সম্পর্কে যে তথ্য সংগ্রহ করবেন তার উপর আমার কী কী অধিকার রয়েছে?

ডেটা সুরক্ষা আইনের অধীনে আপনার ব্যক্তিগত তথ্য সম্পর্কিত বেশ কয়েকটি অধিকার আপনার রয়েছে। আপনার যে কোনও ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করার জন্য অনুরোধ করার, 31 জুলাই 2021 এর আগে Ipsos MORI-এর কাছে রেখে দেওয়া আপনার ব্যক্তিগত ডেটা প্রক্রিয়াকরণে আপনার দেওয়া সম্মতি বা আপত্তি প্রত্যাহার করার অধিকার আছে (তারা আপনার ডেটা শুধুমাত্র এই গবেষণায় তাদের ভূমিকা পালন করতে - আপনাকে জরিপের লিংক, গিফট ভাউচার এবং ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার-এ ডেটা স্থানান্তর করতে যতদিন প্রয়োজন হবে ততদিনের জন্য রেখে দেবে)। Ipsos MORI কর্তৃক 17 মে 2021 তারিখে ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার-কে প্রদানের জন্য ডেটা প্রক্রিয়াগত করার আগে যে কোনও সময়ে আপনার জরিপে দেওয়া উত্তরগুলো প্রক্রিয়াগত করায় আপনি আপত্তি জানাতে পারেন। ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার কর্তৃক রেখে দেওয়া যোগাযোগের বিস্তারিত বিবরণের জন্য দেওয়া আপনার সম্মতি আপনি 31 জুলাই 2026 এর আগে, যখন এগুলো ধ্বংস করা হবে, প্রত্যাহার করতে পারেন, যদি না সেগুলো তার আগে ধ্বংস করা হয়, যদি ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার সিদ্ধান্ত নেয় যে তাদের এটি পুরো সময়কালের জন্য রাখার প্রয়োজন নেই যেমন, ভবিষ্যত গবেষণাটি প্রত্যাশার চেয়ে আগে শেষ যায় এমন পরিস্থিতিতে।

আপনি যদি আপনার বিভিন্ন অধিকার সম্পর্কে আরও জানতে বা আপনার ব্যক্তিগত তথ্য যেভাবে ব্যবহার করা হবে তা আমরা আইন মেনে নিয়ে করছি কিনা তা নিশ্চিত করতে চান, সে ক্ষেত্রে অনুগ্রহ করে ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার প্রাইভেসি নোটিশ ফর রিসার্চ এবং Ipsos MORI-এর গোপনীয়তার নোটিশটি দেখুন যা জরিপের তথ্য পৃষ্ঠা: evenssurveyinfo.ipsos-mori.com-তে পাওয়া যাবে

## গবেষণায় কী আমার অংশগ্রহণ গোপনীয় এবং আমার ব্যক্তিগত সনাক্তযোগ্য তথ্য সুরক্ষিত থাকবে?

হ্যাঁ। এর একমাত্র ব্যতিক্রম হল যদি আপনি এমন কোন তথ্য প্রকাশ করেন যা বোঝায় যে আপনি নিজের বা অন্যের ক্ষতি করতে চান; তখন এটি নিয়ে আপনার সাথে আলোচনা করা হবে এবং পরবর্তী পদক্ষেপ - পুলিশ, অ্যাম্বুলেন্স বা সোশ্যাল সার্ভিসগুলোর সাথে যোগাযোগ করা - নেওয়ার দরকার হতে পারে।

ডেটা সুরক্ষা আইন অনুসারে, ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার এবং Ipsos MORI এই প্রকল্পের ডেটা কন্ট্রোলার। এর অর্থ হল যে আপনার ব্যক্তিগত তথ্য সুরক্ষিত, গোপনীয় রাখা এবং আপনাকে যেভাবে বলা হয়েছে কেবল সেভাবেই ব্যবহৃত হবে তা নিশ্চিত করার জন্য আমরা দায়বদ্ধ। সকল গবেষক এটিকে মনে রাখার জন্য প্রশিক্ষিত, এবং আপনার ডেটা নিম্নলিখিত উপায়ে দেখাশোনা করা হবে।

আপনার সাথে যোগাযোগ করার বিস্তারিত বিবরণ এবং সম্মতির রেকর্ড আপনার ব্যক্তিগত উত্তরগুলি থেকে আলাদাভাবে সংরক্ষণ করা হবে এবং কেবল Ipsos MORI-এর স্টাডি টিম এবং দ্যা ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার-এর নির্দিষ্ট গবেষকদের জন্য অ্যাক্সেসযোগ্য হবে। একই বিষয়ে ভবিষ্যৎ গবেষণার ব্যাপারে আপনি যদি ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার কর্তৃক আবারও যোগাযোগ করায় সম্মত হন, সেক্ষেত্রে ইউনিভার্সিটি গবেষকরা আপনাকে অংশগ্রহণ করতে আমন্ত্রণ জানানোর জন্য ফাইলগুলো লিংক করতে পারবেন। আপনি যে কোনও সময়ে, ভবিষ্যতে যোগাযোগের জন্য ডাটাবেস থেকে আপনাকে অপসারণের জন্য, অনুরোধ করতে পারবেন।

আপনার সাথে যোগাযোগ করার বিস্তারিত বিবরণ এবং ব্যক্তিগত উত্তরগুলি আলাদাভাবে সংরক্ষণ করা হবে, প্রথমে Ipsos MORI-এর তাদের সুরক্ষিত এনক্রিপ্টেড ডেটা সার্ভার ব্যবহার করে (কেবল Ipsos MORI-এর নাম উল্লেখিত গবেষকদের আপনার ডেটায় অ্যাক্সেস থাকবে যখন এটি তাদের কাছে মজুত থাকে)। প্রকল্পটি শেষ হওয়ার তিন মাসের মধ্যে, একবার ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার-এর গবেষকদের কাছে ডেটা স্থানান্তরিত হয়ে গেলে Ipsos MORI আপনার সাথে যোগাযোগ করার বিস্তারিত বিবরণগুলোর রেকর্ডটি সুরক্ষিতভাবে ধ্বংস করে দেবে।

একবার যোগাযোগ করার বিস্তারিত বিবরণ এবং ব্যক্তিগত উত্তরগুলি ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার-এর গবেষকদের কাছে স্থানান্তরিত হয়ে গেলে, এগুলো ইউনিভার্সিটির অত্যন্ত সুরক্ষিত গবেষণার সার্ভারগুলোতে আলাদাভাবে সংরক্ষণ করা হবে এবং পাঁচ বছরের জন্য রেখে দেওয়া হবে। এই সময়ের পরে, আপনার সাথে যোগাযোগ করার বিস্তারিত বিবরণ ধ্বংস করে ফেলা হবে এবং জরিপের তথ্য সম্পূর্ণ বেনামে থাকবে।

আপনি যদি টেলিফোনে জরিপটি সম্পূর্ণ করতে চান, সেক্ষেত্রে গুণগত মান নিয়ন্ত্রণের উদ্দেশ্যে টেলিফোন জরিপ সাক্ষাৎকারটি রেকর্ড করা হতে পারে। টেলিফোনের সাক্ষাৎকারের অডিও রেকর্ডিংগুলো যা Ipsos MORI সংরক্ষণ করে সেগুলো তথ্য সংগ্রহের সময়সীমা শেষ হওয়ার 3 মাসের মধ্যে মুছে ফেলা হবে।

একটি সম্পূর্ণ অজ্ঞাতপরিচয় করা ডেটা সেট, ইউকে ডেটা সার্ভিস-এ জমা দেওয়া হবে এবং অন্যান্য গবেষক কর্তৃক ব্যবহারের জন্য উপলব্ধ থাকবে। এই তথ্য বা এই জরিপ থেকে প্রকাশিত কোনও ফলাফলের মধ্যে কেউ আপনাকে সনাক্ত করতে সক্ষম হবে না।

অনুগ্রহ করে খেয়াল করুন যে ইউনিভার্সিটি অব ম্যানচেস্টার বা রেগুলেটরি অথোরিটির ব্যক্তিদের এই স্টাডির জন্য সংগৃহীত ডেটা দেখার প্রয়োজন হতে পারে এটি নিশ্চিত করতে যে প্রকল্পটি পরিকল্পনা অনুযায়ী চলছে। এতে সনাক্তযোগ্য ডেটা দেখা সংশ্লিষ্ট থাকতে পারে। স্টাডির অডিট এবং নিরীক্ষণের সাথে জড়িত সকল ব্যক্তিদের আপনার প্রতি, গবেষণায় অংশগ্রহণকারী হিসাবে, গোপনীয়তা রক্ষা করার কঠোর দায়িত্ব থাকবে।

## আমি অভিযোগ করতে চাইলে কী করতে হবে?

আপনার যদি এমন কোনও অভিযোগ থাকে যা আপনি সরাসরি গবেষণা দলের সদস্যদের কাছে করতে চান, সেক্ষেত্রে ডক্টর নিসা ফিনি (Nissa.Finney@st-andrews.ac.uk) বা প্রফেসর জেমস নাজরু (james.nazroo@manchester.ac.uk) এর সাথে যোগাযোগ করুন

আপনি যদি গবেষণা দল থেকে আলাদা কারও কাছে আনুষ্ঠানিক অভিযোগ করতে চান বা প্রথমত যদি আপনি গবেষকদের কাছ থেকে প্রাপ্ত প্রতিক্রিয়া নিয়ে সন্তুষ্ট না হন সেক্ষেত্রে যোগাযোগ করুন:

The Research Ethics Manager, Research Office, Christie Building, The University of Manchester, Oxford Road, Manchester, M13 9PL, ইমেইল করে: research.complaints@manchester.ac.uk অথবা 0161 275 2674 নম্বরে টেলিফোন করে।

আপনি যদি তথ্য সুরক্ষা অধিকার নিয়ে আমাদের সাথে যোগাযোগ করতে চান, সেক্ষেত্রে অনুগ্রহ করে dataprotection@manchester.ac.uk তে ইমেইল করুন বা The Information Governance Office, Christie Building, The University of Manchester, Oxford Road, M13 9PL এর কাছে লিখুন এবং আমরা আপনার অধিকার প্রয়োগ করার প্রক্রিয়াটি জুড়ে আপনাকে গাইড করব।

আপনার ব্যক্তিগত সনাক্তযোগ্য তথ্য সম্পর্কিত অভিযোগের ব্যাপারে আপনার Information Commissioner's Office-এ অভিযোগ করারও অধিকার রয়েছে টেলিফোন 0303 123 1113

## যোগাযোগের ঠিকানা

আপনি যদি সমীক্ষাটিতে অংশ নিতে চান, তবে আপনি এখান থেকে নিবন্ধনের জরিপে অভিগম্যতা পাবেন:
https://surveys.ipsosinteractive.com/surveys/?p=jZt9VfdUz0lpKjKSVU19dx7XQulvdp%2bHMIFDym5IOKg3UL40L4YcPmzT3Zhgs2XRRcsH3f9aYbvF9XZJqv9RXf%2f2dlVd2Xvs3qZdmM5qxS4%3d&id=partxtest]

স্টাডি সম্পর্কে যদি কোনও প্রশ্ন থাকে, সেক্ষেত্রে আপনি Ipsos MORI-এর উৎসর্গীকৃত তথ্য পৃষ্ঠাটি দেখতে পারেন:
evenssurveyinfo.ipsos-mori.com

আপনি যদি Ipsos MORI-এর তথ্য পৃষ্ঠায় আপনার প্রশ্নের উত্তর খুঁজে না পান বা টেলিফোনের মাধ্যমে অংশ নিতে চান, সেক্ষেত্রে আপনি নিচে দেওয়া যোগাযোগ করার বিস্তারিত বিবরণ ব্যবহার করে সরাসরি Ipsos MORI-এর সাথে যোগাযোগ করতে পারেন:

- Ipsos MORI-এর তথ্য পৃষ্ঠায় উত্তর না দেওয়া এমন কোনও অতিরিক্ত প্রশ্নের জন্য অনুগ্রহ করে ইমেইল করুন: **evenssurvey@ipsos-mori.com**

- টেলিফোনের মাধ্যমে **ইংরেজিতে** অংশ নিতে বা আরও তথ্য চাইতে নিচের বিনামূল্যের ফোন নম্বরে কল করুন:**0808 1296800** (এটি একটি ভয়েসমেইল পরিষেবা, আপনার সাথে যোগাযোগ করার বিস্তারিত বিবরণ অনুগ্রহ করে দিয়ে রাখুন এবং কেউ আপনাকে ফিরতি ফোন করবেন হয় আপনার প্রশ্নের উত্তর দিয়ে সহায়তা করতে অথবা নিবন্ধন জরিপটি পরিচালনা করতে, আপনি মূল সমীক্ষার জন্য যোগ্য কিনা তা দেখার জন্য)।

- টেলিফোনের মাধ্যমে নিচে উল্লেখিত **কোনও একটি ভাষায় অংশ নিতে বা আরও তথ্য চাইতে, অনুগ্রহ করে নিচের** , একটি বিনামূল্যের ফোন নম্বরে কল করুন (এটি একটি ভয়েসমেইল রিট্রিভাল পরিষেবা, আপনার সাথে যোগাযোগ করার বিস্তারিত বিবরণ অনুগ্রহ করে

দিয়ে রাখুন এবং কেউ আপনাকে ফিরতি ফোন করবেন হয় আপনার প্রশ্নের উত্তর দিয়ে সহায়তা করতে অথবা নিবন্ধন জরিপটি পরিচালনা করতে আপনি মূল সমীক্ষার জন্য যোগ্য কিনা তা দেখার জন্য)।

| **ভাষা** | **ফ্রিফোন নম্বর** |
|---|---|
| আরবী | 0800 470 2983 |
| বাংলা | 0800 470 2965 |
| চীনা | 0800 470 2986 |
| গুজরাটি | 0800 470 2989 |
| পোলিশ | 0800 470 2987 |
| পর্তুগীজ | 0800 470 2977 |
| পাঞ্জাবি: গুরুমুখি | 0800 470 2978 |
| পাঞ্জাবি: শাহমুখী | 0800 470 2979 |
| রোমানীয় | 0800 470 2980 |
| সোমালি | 0800 470 2981 |
| তুর্কী | 0800 470 2982 |
| উর্দু | 0800 470 2984 |
| ওয়েলশ | 0800 470 2985 |

**এখানে তালিকাভুক্ত বেশ কয়েকটি সংস্থা রয়েছে যাদের সাথে আপনি সহায়তার জন্য যোগাযোগ করতে পারেন:**

***এজিই ইউকে (AGE UK)***

এজিই ইউকে-এর পরামর্শ লাইনটি বয়স্ক ব্যক্তি, তাদের পরিবার, বন্ধু, কেয়ারার এবং পেশাদারদের জন্য একটি বিনামূল্যের, গোপনীয় জাতীয় ফোন পরিষেবা। দলটি আপনাকে নির্ভরযোগ্য এবং হালনাগাদকৃত তথ্য দেবে এবং আপনাকে প্রয়োজনীয় পরামর্শ অ্যাক্সেস করতে সহায়তা করবে।

অর্থ, পরিচর্যা, স্বাস্থ্য, আবাসন বা অন্যান্য পরামর্শের বিষয় সম্পর্কিত ব্যাপারে পরামর্শ পরিষেবাটির সাথে বছরের যে কোনও দিন সকাল ৪ টা থেকে সন্ধ্যা 7 টার মধ্যে যোগাযোগ করা যেতে পারে।

টেলি: 0800 055 6112

ওয়েবসাইট: https://www.ageuk.org.uk/

***সিটিজেন অ্যাডভাইস (Citizens Advice)***

অনলাইনে, ফোনে এবং ব্যক্তিগতভাবে বিনামূল্যে গোপনীয় পরামর্শ দেওয়ার জন্য স্বাধীন দাতব্য সংস্থাগুলোর একটি নেটওয়ার্ক। তারা বেনিফিট, কাজ, ঋণ, আবাসন, পরিবার, অভিবাসন এবং স্বাস্থ্য সম্পর্কিত পরামর্শ দিতে পারে।

অ্যাডভাইসলাইন (ইংল্যান্ড): 03444 111 444

অ্যাডভাইসলাইন (ওয়েলস): 03444 77 20 20

অ্যাডভাইসলাইন (স্কটল্যান্ড): 0800 028 1456

সব লাইন সোম থেকে শুক্রবার সকাল 9 টা থেকে বিকাল 5 টা পর্যন্ত পাওয়া যায়।

ওয়েবসাইট: https://www.citizensadvice.org.uk/ (ইংল্যান্ড ও ওয়েলস)

ওয়েবসাইট: https://www.cas.org.uk/ (স্কটল্যান্ড)

চ্যাট আপনাকে অনলাইনে প্রশিক্ষিত পরামর্শদাতাদের সাথে কথা বলতে দেয়। আপনি যা করতে পারেন:

- ঋণ সমস্যা সম্পর্কে তাদের সাথে কথা বলুন https://www.citizensadvice.org.uk/about-us/contact-us/contact-us/chat-service-money-and-debt/ সহায়তা সাধারণত সকাল 8 টা থেকে সন্ধ্যা 7 টার মধ্যে সোম থেকে শুক্রবার পর্যন্ত পাওয়া যায়।

- অন্য যে কোনও সমস্যা নিয়ে এদের সাথে কথা বলুন https://www.citizensadvice.org.uk/about-us/contact-us/contact-us/web-chat-service/ সহায়তা সাধারণত সকাল 10 টা থেকে বিকাল 4 টার মধ্যে সোম থেকে শুক্রবার পর্যন্ত পাওয়া যায়।

## *কোভিড-19 মিউচুয়াল অ্যাইড*

কোভিড-19 এর কারণে যে কমিউনিটিগুলো অসুবিধার সম্মুখীন হচ্ছে তাদের সহায়তা করার জন্য আপনার এলাকায় লোকাল গ্রুপ রয়েছে।

https://covidmutualaid.org/ ভিজিট করুন এবং আপনার নিকটতম সাপোর্ট গ্রুপটিকে সনাক্ত করতে আপনার এরিয়া বা পোস্ট কোড লিখুন।

## *ক্রুজ বেরিভমেন্ট (Cruse Bereavement)*

ক্রুজ বেরিভমেন্ট কেয়ার ফ্রিফোন ন্যাশনাল হেল্পলাইন-এর কর্মীরা হচ্ছেন প্রশিক্ষণপ্রাপ্ত বেরিভমেন্ট স্বেচ্ছাসেবক, যারা মৃত্যুশোকগ্রস্ত যে কাউকে আবেগগত সহায়তা দেয়

ফোন: 0844 477 9400 (সোমবার থেকে শুক্রবার সকাল 9.00 টা থেকে বিকাল 5.00 টা পর্যন্ত)

ওয়েবসাইট: https://www.cruse.org.uk

## *ইক্যুয়ালিটি অ্যাডভাইজরি সাপোর্ট সার্ভিসেস (Equality Advisory Support Service - EASS)*

ইএএসএস-এর বৈষম্য এবং মানবাধিকার সম্পর্কিত বিষয়ে তথ্য ও নির্দেশনা দেওয়ার জন্য একটি হেল্পলাইন রয়েছে। যারা বিএসএল ব্যবহার করতে চান তাদের জন্য পরিষেবাটি বিনামূল্যে এবং ফোন, ইমেইল, ফ্যাক্স, পোস্ট, ভিডিও লিংকের মাধ্যমে সম্পূর্ণ অ্যাক্সেসযোগ্য এবং মানসিক অসুস্থতা এবং লার্নিং ডিজেবিলিটি রয়েছে এমন ব্যক্তিদের অ্যাডভোকেসি পরিষেবাদিতে অ্যাক্সেস রয়েছে। চ্যাট করার সুবিধাও শীঘ্র চালু করা হবে।

খোলার সময়: সোমবার থেকে শুক্রবার সকাল 9 টা-সন্ধ্যা 7 টা এবং শনিবার 10 টা-2 টা।

অ্যাডভাইস লাইন: 0808 800 0082

টেক্সটফোন: 0808 800 0084

ওয়েবসাইট: http://www.equalityadvisoryservice.com/

### *এমআইএনডি (MIND)*

এমআইএনডি প্রচারণা মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছেন এমন যে কোনও কাউকে ক্ষমতায়নের জন্য পরামর্শ এবং সহায়তা প্রদানের জন্য। তারা পরিষেবাগুলোকে উন্নত করতে, সচেতনতা বাড়াতে এবং বুঝতে পারার জন্য প্রচারণা চালায়।

আপনি এমআইএনডি-কে তাদের ইনফো লাইন-এ, সকাল 9 টা থেকে বিকাল 6 টা পর্যন্ত, সোমবার থেকে শুক্রবারে (ব্যাংক হলিডে ব্যতীত) যোগাযোগ করতে পারেন: 0300 123 3393 নম্বরে

ইমেইল: info@mind.org.uk

ওয়েবসাইট: https://www.mind.org.uk/

টেক্সট: 86463

### *ন্যাশনাল ডেটলাইন*

তাদের 25 বছরেরও বেশি সময় ধরে অভিজ্ঞ ঋণ পরামর্শ দেওয়ার প্রমাণিত ট্র্যাক রেকর্ড রয়েছে। তারা বিশেষজ্ঞ ঋণ উপদেষ্টা প্রদান করার প্রতিশ্রুতি দেন যারা সহায়তা প্রদানকারী এবং উচ্চমানের প্রশিক্ষিত।

0808 808 4000 নম্বরে সোমবার থেকে শুক্রবার, সকাল 9 টা - রাত 8 টা এবং শনিবার সকাল 9.30 টা - 1 টা পর্যন্ত বিনামূল্যে ঋণ পরামর্শের জন্য কল করুন

ওয়েবসাইট: https://www.nationaldebtline.org/

### *রিফিউজ*

গার্হস্থ্য সহিংসতার মুখোমুখি হচ্ছেন এমন যে কারও জন্য 24 ঘণ্টার একটি হেল্পলাইন:

ফোন: 0808 2000 247

ওয়েবসাইট: https://www.refuge.org.uk/

এখানে পাওয়া যায় এমন বেশ কয়েকটি ডিজিটাল সংস্থান তাদের কাছে রয়েছে www.refuge.org.uk এবং www.nationaldahelpine.org.uk

### *স্যামারিটান্স*

যন্ত্রণা বা নিরাশার অনুভূতি অনুভব করা ব্যক্তিদের জন্য গোপনীয় সহায়তা।

ফোন: 116 123 (24 ঘণ্টার বিনামূল্যের হেল্পলাইন)

ইমেইল: jo@samaritans.org

ওয়েবসাইট: www.samaritans.org.uk

***স্টপ হেট ইউকে***

স্টপ হেট ইউকে একটি দাতব্য সংস্থা যা হেট ক্রাইমে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য স্বাধীন এবং গোপন সহায়তা প্রদান করে। তারা 24 ঘণ্টা হেল্পলাইন সহ ইউকে-এর বিভিন্ন এলাকায় গোপনীয় হেট ক্রাইম রিপোর্টিং পরিষেবা প্রদান করে। কল করার আগে অনুগ্রহ করে তাদের এলাকাগুলোর তালিকাটি সতর্কতার সাথে পরীক্ষা করে দেখুন।

ওয়েবসাইট: www.stophateuk.org

24 ঘণ্টা হেল্পলাইন: 0800 138 1625

ফ্যাক্স: 0113 341 0396
টেক্সট: 07717 989 025

ইমেইল: talk@stophateuk.org

***ভিকটিম সাপোর্ট***

আপনি যদি অপরাধের কারণে ক্ষতিগ্রস্ত হয়ে থাকেন, তবে তারা আপনাকে এগিয়ে যাওয়ার জন্য সহায়তা দিতে পারেন। অপরাধের রিপোর্ট করা হয়েছে কিনা বা কত দিন আগে এটি ঘটেছিল তা নির্বিশেষে পরিষেবাগুলো বিনামূল্যে, গোপনীয় এবং ইংল্যান্ড, ওয়েলস বা স্কটল্যান্ডের যে কোনও ব্যক্তির জন্য উপলব্ধ রয়েছে।

সাপোর্ট লাইনে বিনামূল্যে কল করুন

08 08 16 89 111 (ইংল্যান্ড এবং ওয়েলস, দিনে 24 ঘণ্টা)

0800 160 1985 (স্কটল্যান্ড, সকাল ৪ টা থেকে রাত ৪ টা পর্যন্ত)

ওয়েবসাইটে অনলাইনে ফর্ম ব্যবহার করে পরিষেবাটিতে ইমেইল করুন

https://www.victimsupport.org.uk/ (ইংল্যান্ড ও ওয়েলস )

https://victimsupport.scot/ (স্কটল্যান্ড)

সময় দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।